

া লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

২৫৩. সম্ভৃষ্টিই সমৃদ্ধি ও নিরাপত্তা

ঐশী বিধান সম্বন্ধে যে ব্যক্তি তার অন্তরকে সন্তুষ্টি দ্বারা পূর্ণ করে, আল্লাহ তার অন্তরকে সমৃদ্ধি, নিরাপত্তা ও শান্তি দ্বারা ভরে দেন। আর যে ব্যক্তি অসন্তুষ্ট হবে তার অন্তর বিপরীত গুণাবলি দ্বারা পূর্ণ হবে এবং তার অন্তর এমন সব বিষয় নিয়ে পূর্বেই দুশ্ভিন্তাগ্রন্ত হবে যা সুস্থ ও সফলতাকে ধ্বংস করে দিবে।

অতএব সন্তুষ্টি অন্তরকে সকল প্রকার অনাবশ্যক আচরণ থেকে শূন্য করে দিয়ে একে সম্পূর্ণরূপে আল্লাহর জন্য ছেড়ে দেয়। অসন্তুষ্টি অন্তর থেকে আল্লাহর সকল চিন্তা দূর করে দেয়। সুতরাং ক্ষুব্ধ, বিরক্ত ও অভিযোগকারী লোক- যে সর্বদা মনে করে যে, সে এক সমস্যা থেকে আরেক সমস্যায় পড়ছে তার প্রকৃত কোন জীবন নেই। সে মনে করে তার রিযিক কম, সে গরীব (দরিদ্র), তার সমস্যা নানাবিধ এবং সর্বোপরি সে মনে করে যে, সে আরো পাওয়ার যোগ্য। আল্লাহ তার জন্য যা নির্ধারণ করেছেন মূলত সে সে বিষয়ে বা তা নিয়ে অসন্তুষ্ট। তাহলে এ ধরনের লোক কীভাবে স্বস্তি, শান্তি ও ভালো জীবন পেতে পারে?

"তা এজন্য যে, যা আল্লাহকে রাগান্বিত করত তারা তার অনুসরণ করেছিল এবং তার (আল্লাহর) সম্ভিষ্টিকে অপছন্দ করেছিল। তাই তিনি (আল্লাহ) তাদের আমলসমূহকে বাতিল করে দিলেন।" (৪৭-সূরা মুহাম্মদ বা কেতালঃ আয়াত-২৮)

Source — https://www.hadithbd.com/books/link/?id=7761

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন